দামুড়হুদায় মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে লোকমোর্চার এ্যাডভোকেসি ও লবি সভা

দামুড়হুদায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান এর সাথে উপজেলা লোকমোর্চার উদ্যোগে এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশন এর সামাজিক সুরক্ষা কর্মসুচি প্রকল্প (এসপিপিএস) এর আওতায় উপজেলা লোকমোর্চার সদস্যগণ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এর সাথে প্রদত্ত বিভিন্ন ভাতা প্রদানের যাচাই-বাছাই কমিটিতে লোকমোর্চার প্রতিনিধি যুক্ত করণ ও ভাতার দাবী নিয়ে এডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়।

লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী’র সভাপতিত্বে সভার প্রধান অতিথি ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। এসময় উপস্থিত ছিলেন উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি সেলিনা আক্তার, পরিবেশ বিষয়ক সম্পাদক মোজাম্মেল শিশির, প্রচার সম্পাদক হাবিবুর রহমান, উপজেলা লোকমোর্চার নির্বাহী সদস্য মাকসুদুর রহমান রতন, মিরাজুল ইসলাম মিরাজ, আরিফুল ইসলাম মিলন, রকিবুল হাসান তোতা, মশিউর রহমান প্রমূখ।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

দামুড়হুদা কাঁঠালতলা রাস্তা নির্মাণ কাজ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠালতলা থেকে কুমারীদহ হেরিং বোন বন্ড (এইচবিবি) রাস্তা নির্মাণ প্রকল্পের কাজ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

বৃহস্পতিবার বিকাল ৫টার দিকে তিনি সরজমিনে এই পরিদর্শন করেন। এসময় তিনি রাস্তায় ব্যবহৃত ইট, রাস্তার সঠিক মাপ আছে কিনা বিভিন্ন বিষয়ের পরিদর্শন করেন।

নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন রাস্তাটির এক কি:মি: কাজ হবে, সব কাজ এখনো শেষ হয়নি। এখন পর্যন্ত যতটুকু কাজ হয়েছে তা সন্তোষজনক। সম্পূর্ণ কাজটি যেন ভালোভাবে শেষ হয় তার জন্য বলা হয়েছে। রাস্তার কাজে কোন অনিয়ম যেন না হয় সে বিষয়ে সতর্ক করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মিজানুর রহমান।

দামুড়হুদায় ওয়ারেন্ট ভুক্ত পলাতক আসামি গ্রেফতার

দামুড়হুদায় ছয়টি ওয়ারেন্ট ভুক্ত একজন পলাতক আসামিকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

বুধবার সকাল ৮টার দিকে রংপুর থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলার চন্দ্রাবাস গ্রামের আলী আহমদ এর ছেলে আশরাফুজ্জামান ওরফে আশরাফুল (৩৮)।

পুলিশ সুত্রে জানাগেছে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই আসাদ ও এএসআই শাহাবুদ্দীন লস্কর বিভিন্ন স্থানে অভিযান চালায় এবং শ্বাস রুদ্ধ কর অভিযান শেষে রংপুর থেকে ছয়টি সি আর গ্রেফতারী পরোয়ানাভুক্ত আসামি আশরাফুজ্জামান ওরফে আশরাফুলকে গ্রেপ্তার করেন।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন ছয়টি সি আর গ্রেফতারী পরোয়ানাভুক্ত এক জন আসামী গ্রেফতার হয়েছে। আজ বৃহস্পতিবার তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদায় প্রাথমিক শিক্ষা পদক ক্রীড়া, সাংস্কৃতিক ও কুইজ প্রতিযোগিতা

দামুড়হুদায় প্রাথমিক শিক্ষা পদক ক্রীড়া, সাংস্কৃতিক ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপজেলার ১১৬ টি স্কুলের মধ্যে ইউনিয়ন পর্যায়ে ৫৪ টি ইভেন্টে প্রথমস্থান অধিকারকারী শিক্ষার্থীরা প্রতিযোগিতায় অংশ নেয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন।দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, শুভেচ্ছা বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম।

উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে ও উপজেলা পরিষদের সহযোগিতায়

অনুষ্ঠিত দিনব্যাপী প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরুষ্কার তুলে দেন প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

সার্বিক সহযোগিতায় ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দীন, নুর ইসলাম, ছবির উদ্দিন, শাহরিয়ার কবির ও সেলিম রেজা।

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদ পরিদর্শন করলেন এডিসি আরাফাত রহমান

দামুড়হুদা উপজেলার ৬নং হাউলী ইউনিয়ন পরিষদ পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা স্থানীয় সরকার পরিচালক (ভারপ্রাপ্ত) আরাফাত রহমান। বেলা ১১টার দিকে তিনি সরজমিনে পরিদর্শন করেন।

এ সময় তিনি ইউনিয়ন পরিষদের বিভিন্ন প্রকল্প, সব ধরনের রেজিস্টার, ট্যাক্স, জন্ম-মৃত্যু নিবন্ধন, চলমান কার্যক্রমসহ ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন।

এসময় তিনি বলেন বর্তমান সরকারের আমলে ইউনিয়ন পরিষদের মাধ্যমে সব ধরনের নাগরিক সেবা প্রদান করা হচ্ছে। জন সেবায় যেন কোন ধরনের সমস্যা সৃষ্টি না হয় সেদিকে সবাইকে বিশেষভাবে খেয়াল রাখতে বলেন। ইউনিয়ন পরিষদ পরিদর্শন করে তিনি সন্তুষ প্রকাশ করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান নিজাম উদ্দিন, প্যানেল চেয়ারম্যান (২) শহিদুল ইসলাম, ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন, ইউপি সদস্য শাহজামাল, সেলিম উদ্দিন, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, ডিজিটাল সেন্টারের উদ্যক্তা মাহমুদা খাতুন ও সৌরভ হোসেন প্রমূখ।

দামুড়হুদায় কৃষি প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে জরুরী সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় কৃষি প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১২টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন দামুহুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির। এ সময় তিনি বলেন উপজেলায় আউশধান রোপনের জন্য ৩৮শত জন কৃষকের মাঝে প্রণোদনা দেওয়া হবে। বিঘা প্রতি আউশের ব্রীধান-৪৮ জাতের বীজ ৫ কেজি, ডিএপি সার ১০ কেজি এবং এমওপি সার ১০ কেজি করে দেওয়া হবে।

আউশের মৌসুমে সকল ইট ভাটায় পতিত জমিতে যদি এই ধান উৎপাদন করা হয় তাহলে উপজেলায় আরো বেশি ধান উৎপাদন হবে। উপজেলায় পাট চাষীদের জন্য ৭ হজার ৬শত ৬০ জনকে বিঘা প্রতি ১ কেজি করে পাটের বীজ দেওয়া হবে। এই লক্ষ্যে প্রতিটা ইউনিয়ন পরিষদে তালিকা তৈরি হবে, ওই তালিকায় যেন প্রকৃত কৃষকদের নাম থাকে সে ব্যাপারে উপজেলার সহকারি কৃষি কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদের ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, বিএডিসি সভাপতি নজরুল ইসলাম, বিসিআইসি ডিলার সাইফুল ইসলাম, নজরুল ইসলাম, ইয়াসিন আলী, মনিরুল হক, হাবিব, আনোয়ার, রবিউল ইসলাম প্রমুখ।

দামুড়হুদা একুশে ফেব্রুয়ারি উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে একুশে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বাদ আছর সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে আলোচনা সভা ও ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ইউপি সচিব শামীম রেজা, ইউপি সদস্য লিয়াকত আলী, সামসুল ইসলাম, নূরুল ইসলাম, জাহিদুল, সংরক্ষিত মহিলা ইউপি সদস্য হাসিনা খাতুন,শাহনাজ বেগম, রুপালী খাতুনসহ স্থানীয় গণমাধ্যম ব্যক্তিবর্গ।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন সদর ইউনিয়ন পরিষদ জামে মসজিদের ইমাম মুফতি শফিকুল ইসলাম।

দামুড়হুদায় মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রভাত ফেরী, সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ৭টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে প্রভাত ফেরী র্যালী অনুষ্ঠিত হয়। এরপর দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম সংলগ্ন কেন্দ্রীয় শহীদ মিনারে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকী সালাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলীসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুনার রশিদ। এদিকে বাদ আছর উপজেলা জামে মসজিদে সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

দামুড়হুদায় কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন

দামুড়হুদায় কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী নিবেদনের মধ্য দিয়ে ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে। রাত ১২ টা এক মিনিটে দামুড়হুদা উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়াম সংলগ্ন কেন্দ্রীয় শহীদ মিনারে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়।

প্রথমেই চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ হাজি আলী আজগার টগর শহীদ বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর পর্যায়ক্রমে উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ, উপজেলা আওয়ামী লীগ, মুক্তিযোদ্ধা সংসদ, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজ, শিক্ষা অফিস, ফায়ার সার্ভিস, উপজেলা সাব রেজিস্ট্রী অফিস, দামুড়হুদা উপজেলা শ্রমিকলীগ, ইউনিয়ন আওয়ামী লীগ, সদর ইউনিয়ন

পরিষদ, উপজেলা যুবলীগ, দামুড়হুদা প্রেসক্লাব, উপজেলা ছাত্রলীগ, হেঁসেল ঘর কফি হাউজসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়।

দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, দর্শনা থানার ওসি এএইচএম লুৎফুল কবীর, অধ্যক্ষ কামাল উদ্দিন, আওয়ামী লীগ নেতা আতিয়ার রহমান হাবু, সাব রেজিস্ট্রার নফিয বিন যামান, ফায়ার সার্ভিসের সাব অফিসার নাসির উদ্দীন, ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা আওয়ামী লীগের অন্যতম নেতা সেলিম উদ্দিন বগা, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজি আব্দুল কাদির, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগ নেতা মহসিন আলী, হযরত আলী, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকুসহ প্রমূখ স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।
অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ।

দামুড়হুদায় জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন

দেশব্যাপী জাতীয় কর্মসূচির অংশ হিসেবে দামুড়হুদায় জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে।

সোমবার বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কেন্দ্রে শিশুর মুখে ভিটামিন-এ প্লাস ক্যাপসুল তুলে দিয়ে কর্মসূচির আনিষ্ঠানিক উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, উপজেলা স্বাস্থ্য পরিদর্শক কামাল উদ্দিন, এএসএম ফারুক আহমেদসহ প্রমূখ।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা জানান, উপজেলার ১৬৯ টি কেন্দ্র থেকে ৬-১১ মাস বয়সী ৩৭১০ জন শিশুকে ১ লাখ পাওয়ারের একটি করে নীল রঙের এবং ১২-৫৯ মাস বয়সী ২৭৩০১ জন শিশুকে ২ লাখ পাওয়ারের একটি করে লাল রঙের ভিটামিন-এ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

উপজেলার পারকৃষ্ণপুর-মদনা, মেমনগর উপস্বাস্থ্য কেন্দ্র, কার্পাসডাঙ্গা উপস্বাস্থ্য কেন্দ্রসহ উপজেলার ১০ টি কেন্দ্র পরিদর্শন করেন তিনি।